# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

www.scc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি


## সিটি লেভেল কো-অর্ডিনেশন (সিএলসিসি) কমিটির সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব আরিফুল হক চৌধুরী |
| সভার তারিখ ও সময় | : | ১৭/০৫/২০২৩, দুপুর ১২.০০ ঘটিকা |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ, সিলেট সিটি কর্পোরেশন |
| সভার উপস্থিতি: | : | পরিশিষ্ট 'ক' |

নগরীর বিশিষ্ট নাগরিক তথা পেশাজীবিদের সমন্বয়ে গঠিত সিটি লেভেল কো-অর্ডিনেশন (সিএলসিসি) কমিটির সভা গত ১৭/০৫/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জনাব আরিফুল হক চৌধুরী, মেয়র, সিলেট সিটি কর্পোরেশন।

**সভার আলোচ্যসূচি:**

- শুভেচ্ছা বক্তব্য
- পরিচিতি পর্ব
- চলমান অবকাঠামো প্রকল্পের অগ্রগতি, বর্জ্য ব্যবস্থাপনা ও অন্যান্য বিষয়ে আলোচনা
- নাগরিক জরিপের ফলাফল সংক্রান্ত আলোচনা
- খসড়া বাজেট ২০২৩-২৪ এর উপর আলোচনা
- হোল্ডিং ট্যাক্স বিষয়ক আলোচনা
- নাগরিক জরিপের ফলাফল উপস্থাপন
- বিবিধ

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বলেন, সিএলসিসি কমিটি নগর এলাকায় বসবাসরত বিভিন্ন পেশাজীবিদের নিয়ে গঠন করা হয়েছে। নাগরিকদের চাহিদা অনুযায়ী প্রয়োজনীয় ও সঠিক সেবা প্রদানের লক্ষ্যে এই সিএলসিসি কমিটি একটি কার্যকরী ফোরাম হিসেবে বিবেচিত হয়ে আসছে। সিটি কর্পোরেশনের সেবার মান নিশ্চিত করার লক্ষ্যে নাগরিকগণ যাতে খোলামেলা আলোচনা করার সুযোগ পায় এবং সিটি কর্পোরেশন এলাকার বিভিন্ন সমস্যা তুলে ধরে সমাধানের জন্য সুপারিশ করেন সেটাই এ কমিটির মূল লক্ষ্য। সঠিক সময়ে প্রকল্প গ্রহণ, প্রকল্প বাছাইয়ে সুপারিশ, বাস্তবায়ন, অগগ্রতি, মনিটরিং এবং সম্ভাব্য চ্যালেঞ্জসমূহ মোকাবেলায় এ সভার নিকট থেকে সিটি কর্পোরেশন মূল্যবান মতামত প্রত্যাশ্যা করে সভার সভাপতি সকলকে সিটি কর্পোরেশনের সেবা সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে পরামর্শ প্রদান করার জন্য আহবান জানান।

**প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোহাম্মদ বদরুল হক** সিলেট সিটি কর্পোরেশন কর্তৃক আহুত সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটির (সিএলসিসি) সভায় উপস্থিত হওয়ার জন্য সদস্যবৃন্দের প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি আশা প্রকাশ করেন সিএলসিসি'র আজকের এই সভায় সিটি কর্পোরেশনের সেবা সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে নগরীর সম্মানীত নাগরিকগণ মূল্যবান মতামত প্রকাশ করে সিটি কর্পোরেশনের গুণগত সেবার মান যাতে আরো বৃদ্ধি করা যায়। তিনি বিগত সভার কার্যবিবরণী তুলে এবং আলোচ্যসূচির ভিত্তিতে সভায় চলমান অবকাঠামো প্রকল্পের অগ্রগতি, বর্জ্য ব্যবস্থাপনা ও অন্যান্য বিষয়ে আলোচনা, নাগরিক জরিপের ফলাফল উপস্থাপন, হোল্ডিং ট্যাক্স ভিডিও প্রদর্শন এর জন্য কর্পোরেশনের সংশ্লিষ্ট কর্মকর্তাদের আহবান জানান। এরপরই সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপরোক্ত বিষয়ে আলোচনা করেন।

অতঃপর সংশ্লিষ্ট সেবার ওপর নাগরিকদের পক্ষ থেকে বিভিন্ন বিষয়ে উন্মুক্ত আলোচনা করা হয়। সভার প্রধান প্রধান আলোচনা সমূহ নিম্নরূপ-

| ক্রমিক নং | প্রধান প্রধান আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ০১ | <u>চলমান অবকাঠামো প্রকল্পের অগ্রগতি, বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে আলোচনা:</u> "সিলেট সিটি কর্পোরেশনের জলাবদ্ধতা নিরসন, বিশুদ্ধ পানি সরবরাহ ও অবকাঠামো নির্মাণ" শীর্ষক প্রকল্পের অগ্রগতি, কার্যপরিসর, উন্নয়ন সচিত্র, বিবিধ প্রতিবন্ধকতা, প্রকল্পের পরিসীমা ইত্যাদি সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। সিলেট মহানগরী এলাকায় উল্লেখিত প্রকল্পের বিস্তারিত উন্নয়ন তুলে ধরা হয়। প্রকল্পের প্রাপ্ত ফলাফল নিয়ে সভায় সকলে সন্তুষ্টি প্রকাশ করেন। জাইকা প্রতিনিধিরা প্রকল্প এলাকা পরিদর্শন পূর্বক সভায় প্রকল্পের অগ্রগতি, পরিসীমা,কার্যক্রম নিয়ে বিস্তারিত সিসিক ওয়েবসাটে প্রকাশের সুপারিশ করেন। | সুপারিশ অনুযায়ী পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০২ | <u>নাগরিক জরিপের ফলাফল সংক্রান্ত আলোচনা:</u> স্থানীয় সরকার কর্তৃক জাইকার C4C প্রকল্পের সহযোগিতায় সিলেট সিটি কর্পোরেশন এলাকায় গৃহীত নাগরিক জরিপ, ২০২৩ এর জরিপের উদ্দেশ্য, পদ্ধতি, বিষয়সমূহ, নাগরিক সন্তুষ্টির মাত্রা (প্রেজেন্টেশনসহ), সিটি কর্পোরেশনের তথ্য জানার প্রধান উৎসসমূহ, সিটি কর্পোরেশনের প্রশাসনিক কার্যক্রম সম্পর্কে নাগরিক ধারণা, হোল্ডিং ট্যাক্স সম্পর্কে নাগরিক ধারণার মাত্রা ইত্যাদি সম্পর্কে বিস্তারিত তুলে ধরা হয়। সভায় সকলে সন্তুষ্টি প্রকাশ করেন এবং উল্লেখিত বিষয়ের প্রতি নাগরিক ধারণা আরো তরান্বিত করতে বিভাগীয় ও শাখা প্রধানদের প্রয়োজনীয় উদ্যোগ নেয়ার জন্য অনুরোধ করা হয়। | সভার বিস্তারিত আলোচনা অনুযায়ী বিভাগীয় ও শাখা প্রধানদের প্রয়োজনীয় উদ্যোগ নেয়ার জন্য অনুরোধ করা হয়। |
| ০৩ | <u>খসড়া বাজেট ২০২৩-২৪ এর উপর আলোচনা:</u> বিস্তারিত আলোচনা করা হয়। | - |
| ০৪ | <u>হোল্ডিং ট্যাক্স বিষয়ক আলোচনা:</u> জাইকা প্রকল্পের কর্মকর্তা জনাব ব্রজ কিশোর ত্রিপুরা সিটি কর্পোরেশন হোল্ডিং ট্যাক্স বিষয়ক একটি ভিডিও প্রদর্শন করেন। ভিডিওতে তিনি হোল্ডিং ট্যাক্স বিষয়ে এর মূল্যায়ন ও বিল পদ্ধতি, ট্যাক্স এর পরিমাণ নির্ধারণ করণ, করদাতা কর্তৃক হোল্ডিং ট্যাক্স পরিশোধ প্রক্রিয়া সম্পর্কে বিস্তারিত তুলে ধরেন। যা উপস্থিত সকলকে অনুপ্রাণিত করে। | সভায় জাইকা প্রকল্পের কর্মকর্তা জনাব ব্রজ কিশোর ত্রিপুরা কর্তৃক প্রদর্শিত হোল্ডিং ট্যাক্স বিষয়ক ভিডিওতে বিষয়াদি সিলেট সিটি কর্পোরেশন এর হোল্ডিং ট্যাক্স নির্ধারণ, নিরুপণ ও মূল্যায়নে অনুসরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৬ | **জনাব খোয়াজ রহিম সবুজ, সাংস্কৃতিক কর্মী বলেন,** ০৫ নং ওয়ার্ডের বিভিন্ন রাস্তায় উন্নয়ন মূলক কাজের গুণগত মান, সঠিক রক্ষণাবেক্ষণ ও তদারকির জন্য আহবান জানান। | - |
| ০৭ | **জনাব আফতাব চৌধুরী, সাংবাদিক ও কলামিস্ট বলেন,** পূর্ববর্তী সভার রেজুলেশন সভার পূর্বে পাঠানোর জন্য অনুরোধ করেন। | পূর্ববর্তী সভার রেজুলেশন সভার পূর্বে কমিটির সদস্যবৃন্দের কাছে পাঠানোর সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ০৮ | **বিশিষ্ট পেশাজীবি ও সিলেট জেলা বার এসোসিয়েশনের প্রাক্তন সভাপতি এডভোকেট এমাদ উল্লাহ শহীদুল খান বলেন,** সুয়ারেজ সিস্টেম প্ল্যান ও ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। | - |

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

www.scc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

| ক্রমিক নং | প্রধান প্রধান আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|
| ০৯ | ধর্মীয় প্রতিনিধিগণ তাদের বক্তব্যে বলেন, অনলাইনের মাধ্যমে নাগরিক সেবা বৃদ্ধি করায় সিসিক কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান এবং ভবিষ্যতে মসজিদ, মন্দির ও বিভিন্ন উপাসনালয় সরকারকে টেক্স প্রদানে আগ্রহ সৃষ্টির জন্য বক্তব্য রাখেন। | |

অতঃপর সভাপতি বলেন, আজকের এ সভার মূল্যবান মতামত ও সুপারিশসমূহ সিটি কর্পোরেশনের সাধারণ সভায় উপস্থাপন করা হবে এবং এ বিষয়গুলো গুরত্বসহকারে সমাধানের আন্তরিক প্রচেষ্টা অব্যাহত রাখা হবে। সভাপতি বলেন, সিটি কর্পোরেশনে বহুবিধ সমস্যা রয়েছে এবং সিটি কর্পোরেশন তার সীমিত সামর্থ্যের মধ্যে কাংখিত সেবা প্রদানে বদ্ধ পরিকর। এক্ষেত্রে নাগরিকদেরও ভূমিকা রয়েছে বলে সভাপতি এর গুরুত্ব তুলে ধরেন। বর্তমানে সিটি কর্পোরেশন বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করছে। প্রকল্পগুলো ধীরে ধীরে বাস্তবায়িত হলে নগরের সমস্যাগুলো পর্যায়ক্রমে দূরীভূত হবে। নাগরিকদের আন্তরিক সহায়তা দরকার যাতে সময়মতো প্রকল্পগুলো সমাপ্ত করা যায়। সভাপতি বলেন, ওয়ার্ডগুলোতেও যাতে নিয়মিত সভার আয়োজন করা হয় সেজন্য কাউন্সিলরগণ যাতে প্রয়োজনীয় পদক্ষে গ্রহণ করেন। ওয়ার্ড পর্যায় থেকে আগত মতামত ও সুপারিশ সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট স্থায়ী কমিটি ও সাধারণ সভায় আলোচনা করে পর্যায়ক্রমে সমাধানের চেষ্টা চালানো হবে।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভার সভাপতি সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করেন।

(আরিফুল হক চৌধুরী)
মেয়র
ও
সভাপতি
সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (সিএলসিসি)
সিলেট সিটি কর্পোরেশন।

স্মারক নং-৪৬.০৭.০০০০.০১৮.১৪.০৪৫.২১- ১৪১৯

তারিখ: ০৩ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ / ১৭ মে ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন।
৩। সচিব, সিলেট সিটি কর্পোরেশন।
৪। প্রধান প্রকৌশলী, সিলেট সিটি কর্পোরেশন।
৫। প্রশাসনিক কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন।
৬। জনাব ............................................................................................।
৭। সংশ্লিষ্ট নথি।

মেয়র
ও
সভাপতি
সিটি লেভেল কো-অর্ডিনেশন কমিটি (সিএলসিসি)
সিলেট সিটি কর্পোরেশন।

**পরিশিষ্ট 'ক'**

**সভায় উপস্থিত সদস্যবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে)**

১। জনাব আরিফুল হক চৌধুরী, মেয়র, সিলেট সিটি কর্পোরেশন।
২। জনাব মোহাম্মদ বদরুল হক, প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন।
৩। প্রকৌঃ নুর আজিজুর রহমান, প্রধান প্রকৌশলী, সিলেট সিটি কর্পোরেশন।
৪। জনাব সামা হক চৌধুরী, নারী উদ্যোক্তা।
৫। জনাব মোঃ মতিউর রহমান খান, প্রধান রাজস্ব কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, সিলেট সিটি কর্পোরেশন।
৬। জনাব আ.ন.ম মনছুফ, প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন।
৭। প্রকৌঃ মোঃ হুমায়ূন কবির খান, নির্বাহী প্রকৌশলী, সিলেট সিটি কর্পোরেশন।
৮। জনাব হানিফুর রহমান, প্রশাসনিক কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন।
৯। জনাব মোঃ নজরুল ইসলাম, একাউনটেন্ট, সিলেট সিটি কর্পোরেশন।
১০। জনাব মোঃ তানভীর রহমান মোল্লা, আরবান প্লানার, সিলেট সিটি কর্পোরেশন।
১১। জনাব আফতাব চৌধুরী, সাংবাদিক ও কলামিস্ট।
১২। জনাব সাহাব উদ্দিন শিহাব, সভাপতি, সিলেট মহানগর ইমাম সমিতি, সিলেট।
১৩। জনাব রেবেকা বেগম, রেনু, কাউন্সিলর, সংরক্ষিত-৩, সিলেট সিটি কর্পোরেশন।
১৪। জনাব নওরিন চৌধুরী, স্থপতি, সিলেট সিটি কর্পোরেশন।
১৫। জনাব রজত কান্তি গুপ্ত, সাধারণ সম্পাদক, সম্মিলিত নাট্য পরিষদ, সিলেট।
১৬। জনাব আব্দুল করিম কিম, সাধারণ সম্পাদক, বাপা, সিলেট।
১৭। জনাব বিক্রম কর সম্রাট, কাউন্সিলর, ওয়ার্ড নং-০২, সিলেট সিটি কর্পোরেশন।
১৮। জনাব খোয়াজ রহিম সবুজ, সাংস্কৃতিক কর্মী।
১৯। শামছুল বাসিত শেরো, সাংস্কৃতিক কর্মী।
২০। জনাব সালেহ আহমদ খসরু, প্রাবন্ধিক, সিলেট।
২১। মহারাজ স্বামী চন্দ্রনাথানন্দ, অধ্যক্ষ, রামকৃষ্ণ মিশন, সিলেট।
২২। জনাব মোঃ সিকন্দর আলী, কাউন্সিলর, ওয়ার্ড নং-১২, সিলেট সিটি কর্পোরেশন।
২৩। জনাব এমাদ উল্লাহ শাহিদুল ইসলাম, সাবেক সভাপতি, সিলেট জেলা আইনজীবি সমিতি, সিলেট।
২৪। জনাব তাছলিমা বেগম, সেক্রেটারী, সিডিসি টাউন ফেডারেশন ।
২৫। জনাব সালমা বেগম, কমিশনার, সিডিসি টাউন ফেডারেশন ।
২৬। জনাব লাভলী জায়গীরদার, বাদমবাগিছা, সিডিসি।
২৭। জনাব মোছাঃ রেশমা বেগম, সভাপতি ৭, ৮ নং ওয়ার্ড, ইউ এন ডি পি।
২৮। জনাব রুমেনা বেগম. কোষাধক্ষ্য, সিডিসি।
২৯। জনাব মোঃ শওকত আলী, সিডিসি, ওয়ার্ড নং-০৬।
৩০। মোহাম্মদ মাহবুল আলম, সহকারী কর কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন।
৩১। জনাব কবির উদ্দিন চৌধুরী, এসেসর, সিলেট সিটি কর্পোরেশন।
৩২। জনাব মোঃ আব্দুল বাছিত, প্রধান এসেসর, সিলেট সিটি কর্পোরেশন।
৩৩। জনাব মোঃ জামিলুর রহমান, কর কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন।
৩৪। জনাব মোঃ মুহিবুল ইসলাম, পিএ টু মেয়র, সিলেট সিটি কর্পোরেশন।
৩৫। জনাব আহমদ মুহাইমিন, চৌধুরী, মাননীয় মেয়র মহোদয়ের ব্যক্তিগত সহকারী, সিলেট সিটি কর্পোরেশন।
৩৬। জনাব মোঃ আতাউল করিম, কম্পিউটার অপারেটর, সিলেট সিটি কর্পোরেশন।
৩৭। জনাব মোহাম্মদ নূরুজ্জামান, উচ্চমান সহকারী, সিলেট সিটি কর্পোরেশন।
৩৮। জনাব জয়ন্ত ভট্টাচার্য্য, কম্পিউটার অপারেটর, সিলেট সিটি কর্পোরেশন।
৩৯। জনাব মোঃ জাকির মিয়া, সহকারী প্রোগ্রামার, সিলেট সিটি কর্পোরেশন।
৪০। জনাব বদরুল আলম, উপ-সহকারী প্রোগ্রামার, সিলেট সিটি কর্পোরেশন।